

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা কুড়িগ্রাম জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয়ভাবে নোভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব ও মহামারীরোধে গণজমায়েত/জনসমাগম পরিহার করার লক্ষ্যে নিম্নবর্ণিত বিধি-নিষেধসমূহ সকলকে মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

১) সকল হাট/বাজার (পশুর হাটসহ), আবাসিক হোটেল, শপিং মল, বাণিজ্য কেন্দ্র, রেস্টুরেন্ট, বিনোদন কেন্দ্র, পার্ক, মেলা, সামাজিক অনুষ্ঠান, ধর্মীয় সমাবেশ, সিনেমা হল, ভ্রাম্যমান ফাস্ট ফুড, স্ট্রিট ফুড ও চা এর দোকানে আড্ডাসহ জনসমাগম/গণজমায়েত হয় এমন সকল কিছু স্থান পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।

২) নিত্য প্রয়োজনীয় জরুরী পণ্য তথা ঔষধের দোকান পাটসহ খাদ্য সামগ্রী, মাছ/মাংসের দোকান, কাঁচা বাজার, সাধারণ খাবারের হোটেল, চিকিৎসা প্রতিষ্ঠান যথারীতি খোলা থাকবে; তবে এ সকল স্থানে কেনা-কাটার সময় নিরাপদ দূরত্ব (০১ মিটার) বজায় রাখতে হবে।

৩) ব্যক্তি আবাসস্থল তথা ঘর-বাড়ি ও বাণিজ্যিক অবকাঠামো এর অভ্যন্তর ও বহিরাঙ্গন যতদুর সম্ভব স্বাস্থ্য উপযোগীকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং বাহির থেকে বাড়িতে প্রবেশ করার সময় বা আগে জীবানুমুক্ত হওয়ার জন্য ভালভাবে সাবান ও স্যানিটাইজার দিয়ে হাত শরীর পরিষ্কার করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রয়োজন ব্যতিত ব্যক্তি বিশেষকে বাড়ির বাহিরে অবস্থান নিরুৎসাহিত করা যাচ্ছে।


৪) জেলা/উপজেলা পর্যায়ে খাদ্যদ্রব্যের পাইকারী বাজার/মার্কেট জনসাধারণের কেনা-কাটার সুবিধার্থে বেলা ৯.০০ ঘটিকা থেকে সন্ধ্যা-৭.০০ ঘটিকা পর্যন্ত স্থানীয় প্রশাসনের অনুমতি সাপেক্ষে খোলা থাকবে।

৫) বিদেশ থেকে আগত সকল প্রবাসীকে আবশ্যিকভাবে নির্ধারিত ১৪(চৌদ্দ) দিনের হোম কোয়ারেন্টাইন মেনে চলতে হবে এবং করোনা ভাইরাস সংক্রমণের কোন উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্র/থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। সংক্রামণ ব্যাধির বিস্তার ঘটায় এমন কার্য করলে নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬) প্রতিদিন জীবানুনাশক তথা ডেটল, স্যাভলন, স্যানিটাইজার ইত্যাদি দিয়ে গণপরিবহন স্বাস্থ্য উপযোগী করার জন্য পরিষ্কার রাখতে হবে এবং যাত্রী সাধারণকে পরিবহনে উঠার সময় জীবানুনাশক ব্যবহার করার ব্যবস্থা রাখতে হবে।

৭) সকল স্বাস্থ্য বিধি মেনে চলুন, নিজ ও নিজের পরিবারকে সুস্থ রাখুন, করোনা ভাইরাস প্রতিরোধে এগিয়ে আসুন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ রেজাউল করিম)

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।

ফোন : ০৫৮১-৬১৬৪৫

ই-মেইল : dckurigram@mopa.gov.bd